

চাঁদপুরের এক স্কুলের তিন ছাত্রী বাস্কেটবলের প্রশিক্ষণে যাচ্ছে যুক্তরাষ্ট্রে
আলম পলাশচাঁদপুর

প্রকাশ: ১০ জুন ২০২৪, ১০: ১২



যুক্তরাষ্ট্রে বাস্কেটবলের উচ্চতর প্রশিক্ষণে যাচ্ছে চাঁদপুরের একই প্রতিষ্ঠানের তিন শিক্ষার্থীসহ পাঁচজনছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রে বাস্কেটবল প্রশিক্ষণে যাচ্ছে চাঁদপুরের একই প্রতিষ্ঠানের তিন নারী শিক্ষার্থী। আগামী শুক্রবার (১৪ জুন) তারা দেড় মাসের প্রশিক্ষণে দেশ ছাড়বে। তারা হচ্ছে চাঁদপুর সদরের বীর প্রতীক মমিন উল্লাহ পাটোয়ারী একাডেমির একাদশ শ্রেণির শিক্ষার্থী সুমাইয়া আক্তার, সদ্য এসএসসি পাস করা ইতি আক্তার ও নবম শ্রেণির ফারহানা আক্তার।

যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের স্পোর্টস ডিপ্লোমাসির স্পোর্টস ভিজিটর প্রোগ্রাম ২০২৪-এর আওতায় ইয়ুথ স্পোর্টস অ্যান্ড উইমেনস ইমপ্রুভমেন্টের প্রশিক্ষণ পাবে তারা। ১৫ থেকে ২৯ জুন পর্যন্ত চলবে প্রশিক্ষণ।

বাংলাদেশ থেকে ‘দেশি বলার্স’ নামের একটি বেসরকারি সংস্থার ব্যবস্থাপনায় এ প্রশিক্ষণে চাঁদপুরের তিনজনসহ পাঁচ ছাত্রীকে বাস্কেটবল খেলার উচ্চতর প্রশিক্ষণের জন্য চূড়ান্ত করা হয়। অন্য দুজন হচ্ছে ঢাকার ইরাদা আজম ও সাফরিনা জারিন। তাদের বাংলাদেশি কোচ হিসেবে থাকবেন ইব্রাহিম মোহাম্মদ। দেশি বলার্সের সহপ্রতিষ্ঠাতা মনিকা নাসরিন জানান, ২০১৮ সাল থেকে তাঁরা দেশের অনূর্ধ্ব ১৮ নারীদের বাস্কেটবল, ফুটবল ও ভলিবল নিয়ে উচ্চ প্রশিক্ষণ দিয়ে আসছেন। এ বছর তাঁরা যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে বাংলাদেশ থেকে পাঁচজনকে মনোনীত করেন। আর এতে সহযোগিতা করে চাঁদপুর বাস্কেটবল একাডেমি। যুক্তরাষ্ট্রের জুলি ফাউন্ডি স্পোর্টস একাডেমির মনোনীত কোচরা তাদের প্রশিক্ষণ দেবেন।